



“শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি”

স্মারক নং- ০৫.৪১.৬৭০৪.০০১.১৬.০০৬.০১.২১-২৭৬

তারিখ : ১৬.০৩.২০২৩খ্রি.

### গণ-বিজ্ঞপ্তি

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের গঠনতন্ত্র -২০১০ এর ধারা ১৫ এবং ১৮ অনুযায়ী আমি মো: রিফাত ফেরদৌস, উপজেলা নির্বাহী অফিসার, নারায়ণগঞ্জ ও রিটার্নিং অফিসার, উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল নির্বাচন-২০২২-২০২৩, নারায়ণগঞ্জ সদর এদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাইতেছি যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল জেলা/ মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন কর্তৃক ১৪/০৩/২০২৩ খ্রি. তারিখে জারীকৃত গণ-বিজ্ঞপ্তির মাধ্যমে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা / মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচন অনুষ্ঠানের উদ্দেশ্যে নিম্নবর্ণিত সময়সূচি ঘোষণা করিয়াছে।

ক) ভোটার তালিকা প্রকাশ :

ক্রমিক	বিবরণ	:	সময়কাল
১.	খসড়া ভোটার তালিকা প্রকাশ	:	১৯.০৩.২০২৩ (রবিবার)
২.	খসড়া ভোটার তালিকার উপর দাবি, আপত্তি ও সংশোধনী গ্রহণের শেষ তারিখ	:	২২.০৩.২০২৩ (বুধবার)
৩.	দাবি, আপত্তি ও সংশোধনী নিষ্পত্তির তারিখ	:	২৮.০৩.২০২৩ (মঙ্গলবার)
৪.	চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ	:	০২.০৪.২০২৩ (রবিবার)

খ) নির্বাচনী তফসিল :

১	মনোনয়নপত্র দাখিলের তারিখ (সকাল ১০.০০ হতে বিকাল ০৩.০০) টা পর্যন্ত	:	০৫.০৪.২০২৩ (বুধবার)
২	মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	০৯.০৪.২০২৩ (রবিবার)
৩	প্রার্থিতা বাতিলের আদেশের বিরুদ্ধে আপিলের তারিখ (সকাল ১০.০০ হতে বিকাল ০৩.০০) টা পর্যন্ত	:	১১.০৪.২০২৩ (মঙ্গলবার)
৪	আপিল নিষ্পত্তির তারিখ	:	১৩.০৪.২০২৩ (বৃহস্পতিবার)
৫	মনোনয়নপত্র প্রত্যাহারের সর্বশেষ তারিখ	:	১৬.০৪.২০২৩ (রবিবার)
৬	চূড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ	:	১৭.০৪.২০২৩ (সোমবার)
৭	প্রতীক/ ব্যালট নম্বর প্রদানের তারিখ	:	১৮.০৪.২০২৩ (মঙ্গলবার)
৮.	ভোট গ্রহণের তারিখ	:	১৩.০৫.২০২৩ (শনিবার)

ভোট গ্রহণ সময়সীমা: বিরতিহীনভাবে সকাল ০৯.০০ হতে বিকাল ০৪.০০টা পর্যন্ত ব্যালট পেপারের মাধ্যমে।

২। নির্বাচনি এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাইতেছি যে, আগামী ১৩/০৫/২০২৩ তারিখ সকাল ০৯.০০ ঘটিকা হইতে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত উল্লিখিত নির্বাচনি এলাকা হইতে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/ মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচনে অংশগ্রহণ করিবার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হইতে আমার কার্যালয়ে অর্থাৎ উপজেলা নির্বাহী অফিসার ও রিটার্নিং অফিসারের কার্যালয়, নারায়ণগঞ্জ সদর হতে এ মনোনয়নপত্র গৃহীত হইবে।

৩। উল্লিখিত নির্বাচন ব্যালট পেপারের মাধ্যমে অনুষ্ঠিত হইবে।

(মো: রিফাত ফেরদৌস)  
উপজেলা নির্বাহী অফিসার

ও

রিটার্নিং অফিসার  
উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল নির্বাচন-২০২২-২০২৩  
নারায়ণগঞ্জ সদর

ফোন নম্বর: ০২-৭৬৪৫২৩৮

Email: unonarayanganjsadar@gmail.com